

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অডিট অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- স্বাপকম/অডিট/বিবিধ(অংশ-১)/২০০৮/ ৭০২

তাং- ১১/১২/১৪খ্রিঃ

বিষয়ঃ কোন কর্মকর্তার অডিট ছাড়পত্রের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে জ্ঞাতব্য বিষয়সমূহ।


উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কোন কর্মকর্তা সরকারী চাকুরি হতে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুরীর পর পেনশন/আনুতোষিক মঞ্জুরীর পূর্বে স্বাভাবিকভাবেই এ মন্ত্রণালয়ের অডিট অধিশাখা হতে অডিট ছাড়পত্র গ্রহণ করতে হয়। সেক্ষেত্রে কোন কর্মকর্তার সর্বশেষ কর্মস্থল থেকে প্রয়োজনীয় কাগজপত্রসহ অডিট ছাড়পত্র প্রদানের প্রস্তাব স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে সচিব মহোদয় (দৃষ্টি আকর্ষণঃ যুগ্মসচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) বরাবরে প্রেরণ করতে হয়। ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় অফিস/নিয়ন্ত্রণকারী অফিস-স্বাস্থ্য অধিদপ্তর হতে গুরুত্বপূর্ণ কিছু কাগজপত্র ছাড়াই অসম্পূর্ণ অডিট ছাড়পত্রের প্রস্তাব প্রেরণ করা হচ্ছে। এরূপ অসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের কারণে অডিট ছাড়পত্রের কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়না। এতে স্বাস্থ্য অধিদপ্তরসহ মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।

উল্লেখ্য, কোন কর্মকর্তার অডিট ছাড়পত্র প্রদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসমূহ নিম্নরূপঃ

- (১) সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত অডিট ছাড়পত্রের আবেদন পত্র।
- (২) অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুরীর প্রজ্ঞাপনের কপি।
- (৩) চাকুরিতে যোগদানের তারিখ হতে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুরীর সময় পর্যন্ত পূর্ণাঙ্গ চাকুরি বিবরণী (অবশ্যই হিসাব রক্ষণ অফিস কর্তৃক সীল, স্বাক্ষরসহ প্রদত্ত)।
- (৪) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পিডিএস।
- (৫) পূর্ণাঙ্গ চাকুরি বিবরণী উল্লেখসহ ব্যক্তিগত জীবন বৃত্তান্ত।
- (৬) সর্বশেষ কর্মস্থলের বিপরীতে প্রত্যাশিত শেষ বেতনের প্রত্যয়ন পত্র (স্পষ্ট কপি)।
- (৭) সর্বশেষ কর্মস্থলের বিপরীতে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত অডিট আপত্তি সংক্রান্ত প্রত্যয়ন।
- (৮) কোন অডিট আপত্তি উত্থাপিত হলে তা নিস্পত্তি এবং সরকারী কোন পাওনা প্রমাণিত হলে তা সরকারকে পরিশোধ করতে বাধ্য থাকবেন সম্পর্কিত অঙ্গীকার নামা।
- (৯) সর্বশেষ কর্মস্থলের বিপরীতে না দাবী পত্র।

আরও উল্লেখ্য, উপরোক্ত কাগজপত্রসমূহ অবশ্যই সত্যায়িত করে অডিট ছাড়পত্রের প্রস্তাবের সাথে সংযুক্ত করে দিতে হবে। তবে প্রয়োজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সীল, স্বাক্ষরসহ মূল কপি সংযুক্ত করতে হবে।

এমতাবস্থায়, কোন কর্মকর্তার অডিট ছাড়পত্রের কার্যক্রম গ্রহণের লক্ষ্যে উল্লিখিত কাগজপত্রাদিসহ অডিট ছাড়পত্রের পরিপূর্ণ প্রস্তাব অডিট অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা করা হল।


(মসিউর রহমান)
যুগ্ম সচিব
ফোন-৯৫১১০২৭।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী/পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার/নিপোর্ট, আজিমপুর/ডাগ প্রশাসন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

পঃপৃঃ

- ২। অধ্যক্ষ, ----- মেডিকেল কলেজ,-----।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। পরিচালক, ----- মেডিকেল কলেজ হাসপাতাল,-----।
- ৫। অধ্যক্ষ, ম্যাটস/আই.এইচ.টি-বগুড়া/কুষ্টিয়া/যশোর/বাগেরহাট/ফরিদপুর/ঢাকা/টাঙ্গাইল/কুমিল্লা/নোয়াখালী/সিরাজগঞ্জ।
- ৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ৯। সিভিল সার্জন/ উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়- পঞ্চগড়/ঠাকুরগাঁও/দিনাজপুর/লালমনিরহাট/রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/জয়পুরহাট/বগুড়া/রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/মাগুরা/বিনাইদহ/নড়াইল/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/বরিশাল/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ঝালকাঠি/ভোলা/গোপালগঞ্জ/মাদারীপুর/শরিয়তপুর/ফরিদপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/ঢাকা/নরসিংদী/গাজীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোনা/শেরপুর/জামালপুর/টাঙ্গাইল/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/বি. বাড়িয়া/কুমিল্লা/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষীপুর/চট্টগ্রাম/কক্সবাজার/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/নীলফামারী।
- ১০। তত্ত্বাবধায়ক, ২৫০শয্যাবিশিষ্ট/জেনারেল/সদর হাসপাতাল -পঞ্চগড়/ঠাকুরগাঁও/দিনাজপুর/লালমনিরহাট/রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/জয়পুরহাট/বগুড়া/রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/মাগুরা/বিনাইদহ/নড়াইল/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/বরিশাল/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ঝালকাঠি/ভোলা/গোপালগঞ্জ/মাদারীপুর/শরিয়তপুর/ফরিদপুর/রাজবাড়ী/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/ঢাকা/নরসিংদী/গাজীপুর/ময়মনসিংহ/কিশোরগঞ্জ/নেত্রকোনা/শেরপুর/জামালপুর/টাঙ্গাইল/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/বি. বাড়িয়া/কুমিল্লা/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষীপুর/চট্টগ্রাম/কক্সবাজার/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/নীলফামারী।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক, সেবা পরিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ১৩। অধ্যক্ষ, নার্সিং কলেজ- ঢাকা/বগুড়া/চট্টগ্রাম।
- ১৪। যুগ্ম-সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৫। অফিস কপি।